



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বেস্ত বন্ধু।

ঋণ ও অগ্রিম বিভাগ

পরিপত্র নম্বর-০৪/২০১৮

তারিখ : ০৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : ঋণের কিস্তির সাথে বাধ্যতামূলক সঞ্চয়ী জমার পরিমাণ।

টেকসই স্বনির্ভরতার জন্য উদ্যোক্তাদের সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার কোনো বিকল্প নেই। কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ২৭.১১.২০১১ তারিখের পরিপত্র নং-০৫/২০১১ এর মাধ্যমে উদ্যোক্তাদের সঞ্চয়ী হিসাব খোলার প্রাথমিক জমার পরিমাণ ও ঋণের কিস্তির সাথে মাসিক সঞ্চয়ী জমার পরিমাণ পুনঃনির্ধারণ করা হয়েছিল।

০২। ইতোমধ্যে প্রায় ০৭ (সাত) বছর অতিক্রান্ত হতে চলেছে। টাকার মূল্যমানও পরিবর্তন হয়েছে। মানুষের মাথাপিছু আয় বেড়েছে, বেড়েছে ক্রয়ক্ষমতা। সক্ষমতা এসেছে অধিক পরিমাণ টাকা সঞ্চয় করার। ফলে ব্যাংকের উদ্যোক্তাদেরও অধিক পরিমাণ সঞ্চয়ে আগ্রহী করে গড়ে তোলা প্রয়োজন। এতে উদ্যোক্তাদের ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা সুরক্ষিত হবে।

০৩। এমতাবস্থায়, ব্যাংকের উদ্যোক্তাদের সঞ্চয়ী মনোভাব সৃষ্টির মাধ্যমে আর্থিক ভিত সুদৃঢ়করণপূর্বক স্বনির্ভর হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ঋণের কিস্তির সাথে মাসিক ন্যূনতম বাধ্যতামূলক সঞ্চয়ী জমার পরিমাণ পুনঃনির্ধারণ বিষয়ে কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ১৬.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬৫তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক নিম্নরূপভাবে অনুমোদিত হয় :

(একক টাকায়)

ঋণের পরিমাণ		বিদ্যমান		পরিবর্তিত	
হতে	পর্যন্ত	সঞ্চয়ী হিসাব খোলার সময় প্রাথমিক জমার পরিমাণ	ঋণের কিস্তির সাথে মাসিক সঞ্চয়ী জমার পরিমাণ	সঞ্চয়ী হিসাব খোলার সময় ন্যূনতম প্রাথমিক জমার পরিমাণ	সঞ্চয়ী হিসাবে মাসিক ন্যূনতম জমার পরিমাণ
০১	০২	০৩	০৪	০৫	০৬
০০০০০১/-	৫০,০০০/-	১০০/-	১০০/-	২০০/-	২০০/-
৫০,০০১/-	১,০০,০০০/-	১৫০/-	১৫০/-	৩০০/-	৩০০/-
১,০০,০০১/-	২,০০,০০০/-	২০০/-	২০০/-	৫০০/-	৪০০/-
২,০০,০০১/-	৩,০০,০০০/-	২০০/-	২০০/-	৭০০/-	৫০০/-
৩,০০,০০১/-	৫,০০,০০০/-	৩০০/-	৩০০/-	১০০০/-	৬০০/-
৫,০০,০০১/-	১০,০০,০০০/-	৫০০/-	৫০০/-	১৫০০/-	৭০০/-
১০,০০,০০১/-	তদূর্ধ্ব	৫০০/-	৫০০/-	২০০০/-	১০০০/-

০৪। কোনো উদ্যোক্তা কর্তৃক পুনঃঋণ গ্রহণের ক্ষেত্রে তার সঞ্চয়ী হিসাবের বকেয়া অর্থ জমা করতে হবে এবং জমা স্লিপের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। বিদ্যমান নীতিমালার অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(গৌতম সাহা)

উপমহাব্যবস্থাপক

☎: ০২-৯৫৭১৭৭৯

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋঅবি/নীতি-০১(০১)(অংশ-০৪)/২০১৮-২০১৯/১৩৭(৩০৭)

তারিখ : ০৬ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপক মহোদয়কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৮। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
- ১০। অফিস নথি।

(মো: মশিউর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক